গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চৌগাছা, যশোর।

## বাংলা ১৪৩৩ সনের জন্য হাট/বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চৌগাছা উপজেলাধীন নিম্ন তফসীল বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক বছরের জন্য অস্থায়ী ভাবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ইজারা গ্রহীতাদের নিকট থেকে সীল মোহরকৃত খামে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চৌগাছা/ সহকারী কমিশনার(ভূমি),চৌগাছা/ ব্যবস্থাপক,সোনালী ব্যাংক,চৌগাছা শাখা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা,চৌগাছা থানা এবং জেলা প্রশাসকের কার্যালয়,যশোর হতে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নিম্নে তফসিল বর্ণিত ধার্য তারিখে সকাল ৯.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত জেলা প্রশাসক,যশোর/পুলিশ সুপার,যশোর / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চৌগাছায় রক্ষিত দরপত্র বক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩.০০টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। ১ম বার টেন্ডারে কোন হাট-বাজারের দেয় দর অনুমোদিত হলে ২য় ডাকে উক্ত হাটের নাম বাদ দেয়া হয়েছে এবং ২য় বার টেন্ডারে অনুমোদিত হলে ৩য় ডাকে উক্ত হাটের নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। এজন্য আলাদা কোন দরপত্র বিজ্ঞপ্তি জারী করা হবে না। এ বিজ্ঞপ্তি chougachha.jessore.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এছাড়া দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### হাট-বাজার ইজারা দরপত্র দাখিলের সময়সূচিঃ

(১ম, ২য় ও ৩য় বার)

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | হাট যে ইউনিয়নে অবস্থিত | ১ম বার দরপত্র দাখিলের তারিখ | ২য় বার দরপত্র দাখিলের তারিখ | ৩য় বার দরপত্র দাখিলের তারিখ | সিডিউলের মুল্য (অফেরৎ যোগ্য) | সরকারি ইজারা মুল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | সলুয়া হাট | ফুলসারা | ২৬/০২/২০২৬ খ্রিঃ | ০৮/০৩/২০২৬ খ্রিঃ | ১৫/০৩/২০২৬ খ্রিঃ | ২,২০০/ | ৬,৬১,৬৫৭/- |
| ২। | পলুয়া হাট | পাশাপোল | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ১,৯২৭/- |
| ৩। | ধুলিয়ানী হাট | ধুলিয়ানী | ঐ | ঐ | ঐ | ১,০০০/- | ১,০৮,৮৯৮/- |
| ৪। | আড়পাড়া হাট | জগদীশপুর | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৫৩,১৭৩/- |
| ৫। | স্বর্পরাজপুর হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৯,৫৭৯/- |
| ৬। | মাড়ুয়া হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৪৩,১২৭/- |
| ৭। | আড়কান্দি হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৬,৬৬৩/- |
| ৮। | হাকিমপুর হাট | হাকিমপুর | ঐ | ঐ | ঐ | ১,০০০/- | ১,০৬,৪৮৬/- |
| ৯। | পূর্ব চন্দ্রপাড়া হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৫,২৬২/- |
| ১০। | শিশুতলা হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৩৭,২২৫/- |
| ১১। | মাঠচাকলা হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ২৬,৬৫৯/- |
| ১২। | মাশিলা হাট | স্বরুপদাহ | ঐ | ঐ | ঐ | ১,০০০/- | ১,৮১,১৮৬/- |
| ১৩। | সাঞ্চাডাঙ্গা হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৩৫৬৮৪/- |
| ১৪। | তিলকপুর হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ২১,৯০৪/- |
| ১৫। | খড়িঞ্চা হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ২৭,৮৯০/- |
| ১৬। | দিঘড়ী হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ১,৫৫০/- |
| ১৭। | নারায়নপুর হাট | নারায়নপুর | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ১২,৫২০/- |
| ১৮। | চাঁদপাড়া হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৬১,৩০৪/- |
| ১৯। | বাদেখানপুর হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ১৩,২৯৯/- |
| ২০। | মাকাপুর হাট | সুখপুকুরিয়া | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ২৬৫৮৯/- |
| ২১। | বল্লভপুর হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৩,০৮৩/- |
| ২২। | পূর্ব বল্লভপুর হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৩,০৮৩/- |
| ২৩। | রামকৃষ্ণপুর হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ৩৪,২০৪/- |
| ২৪। | নগরবর্ণি হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০/- | ২৮,২১৬/- |

### হাট-বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩৩ সনের ৩০শে চৈত্র ১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর-এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

অপর পৃষ্ঠা-২

৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না।

১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত )টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষামাজা,কাটাকাটি,লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করতে হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রে যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১/০২/২০২৬

( তানভীর আহমদ )
উপজেলা নির্বাহী অফিসার
চৌগাছা,যশোর।

স্মারক নং-০৫.৪৪.৪১১১.০৩৭.০০.০০৩.২৫. ২৮ তারিখঃ-১১/০২/২০২৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। জেলা প্রশাসক, যশোর।
২। পুলিশ সুপার,যশোর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/রাজস্ব), যশোর।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ,চৌগাছা,যশোর।
৫। সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার বিভাগ,প্রজেই-২,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলোঃ

৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,যশোর।
৭। উপজেলা নির্বাহী অফিসার,............................................(সকল),যশোর।
৮। সহকারী কমিশনার (ভূমি),চৌগাছা,যশোর।
৯। প্রশাসক, চৌগাছা পৌরসভা,যশোর।
১০। অফিসার ইন-চার্জ,চৌগাছা থানা, চৌগাছা,যশোর।
১১। সাব-রেজিস্টার,চৌগাছা,যশোর।
১২। ব্যবস্থাপক,সোনালী ব্যাংক,চৌগাছা শাখা,যশোর।
১৩। প্রশাসক/চেয়ারম্যান.................................................(সকল) ইউনিয়ন পরিষদ,চৌগাছা,যশোর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচার পূর্বক প্রতিবেদন নির্দিষ্ট সময়ের পূর্বে অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪। সহকারী প্রোগ্রামার, চৌগাছা,যশোর। বিজ্ঞপ্তিটি চৌগাছা ওয়েব সাইটে আপলোড করে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। পোষ্ট মাষ্টার,চৌগাছা,যশোর।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...............................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, চৌগাছা, যশোর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচার পূর্বক প্রতিবেদন নির্দিষ্ট সময়ের পূর্বে অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, তার ইউনিয়নের হাট-বাজার গুলি ৩০চৈত্র ১৪৩১ তারিখের মধ্যে ইজারা প্রদান সম্ভব না হয় তবে বাংলা ১লা বৈশাখ ১৪৩৩ তারিখ হতে হাট-বাজারগুলি দখল বুঝে নিয়ে বিধি মোতাবেক খাস আদায় অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।
১৭। সভাপতি/সম্পাদক,...............................................................................হাট-বাজার কমিটি,চৌগাছা,যশোর।
১৮। জনাব.......................................................................পিতাঃ.........................................................................
সাং.....................................................................উপজেলাঃ চৌগাছা,জেলাঃযশোর।
১৯। নোটিশ বোর্ড।

১১/০২/২০২৬

(তানভীর আহমদ )
উপজেলা নির্বাহী অফিসার
চৌগাছা,যশোর।